বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ

উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।
gowainghat.sylhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ৩০ (ত্রিশ) তম সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
তারিখ : ০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- খ

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | স্থায়ী কমিটির কোনো সুপারিশ সভায় উপস্থাপন করা হয়নি। এ ব্যাপারে যথাসময়ে স্থায়ী কমিটির সভা আয়োজনপূর্বক সংশ্লিষ্ট কমিটির সুপারিশ (যদি থাকে) সভায় উপস্থাপনের জন্য ১৭ (সতেরো) টি স্থায়ী কমিটির সভাপতি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে পুনরায় অনুরোধ করা হয় এবং ভাইস চেয়ারম্যানদ্বয় এ ব্যাপারে সভাকে ইতিবাচক আশ্বস্ত করেন। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ (যদি থাকে) সভায় উপস্থাপনের জন্য ভাইসচেয়ারম্যানদ্বয়কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর আগস্ট/২০২১ খ্রি. মাসের ১০,৬২৫/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ির জুলাই/২১ ও আগস্ট/২১ মাসের নিয়মিত জ্বালানী ব্যয় বাবদ ৪৬,২৭৯/- (চিছল্লিশ হাজার দুইশত উনআশি) এবং ১৫ই আগস্ট জাতীয় শোক দিবসে ব্যয়িত ২০,০০০/- (বিশ হাজার টাকা) পরিশোধের লক্ষ্যে বিল ভাউচার সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয়, আপ্যায়ন, জীপ গাড়ির জ্বালানী ব্যয়, বিবিধ দিবসের ব্যয় ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরের এডিপি খাতে ১ম কিস্তির বরাদ্দের আলোকে স্কিম গ্রহণ ও তালিকা স্থানীয় সরকার বিভাগে প্রেরণের নির্দেশনা পাওয়া গেছে। এ খাতে প্রাপ্ত বরাদ্দের আলোকে স্কিম গ্রহণের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ হতে প্রস্তাবনা প্রেরণ করার প্রয়োজনীয়তা রয়েছে। সভাকে আরও জানান, উন্নয়ন খাতে কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য সুরক্ষায় ৫,৬৯,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনায় অংশ | (ক-১) ২০২১-২২ অর্থ বছরে এডিপি'র আওতায় বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ কর্তৃক স্কিমের প্রস্তাবনা প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক-২) বিস্তারিত আলোচনান্তে "গোয়াইনঘাট উপজেলাধীন বিভিন্ন | উপজেলা প্রকৌশলী<br>উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিয়ে বলেন, ১২ সেপ্টেম্বর হতে সকল শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম সরাসরি চালু হবে। শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষায় উপজেলাধীন সকল বিদ্যালয়ে মাস্ক বিতরণ করা জরুরী। | শিক্ষা প্রতিষ্ঠানে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ" প্রকল্প গ্রহন এবং উক্ত প্রকল্প আরএফকিউ মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (খ) উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরের ২টি পুকুর (দাগ নং-৬৪১, ৬৪২৩, ৬৪৪, ৬৪৬), মুক্তিযোদ্ধা মার্কেটের পিছনের পুরক (দাগ নং-৯১২, ৯১১) ও ভূমি অফিসের অপরপ্রান্তের সবুজ দীঘি (দাগ নং-৯৩৩) যদি সংস্কার করে মাছ চাষ করা যায় তাহলে মাছ উৎপাদন বৃদ্ধির পাশাপাশি রাজস্ব বৃদ্ধিসহ কর্মসংস্থানের সৃষ্টি হবে। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বলেন, বর্ণিত পুকুরগুলো দীর্ঘদিন সংস্কার না করার কারণে পুকুরের পাড় ভেঙ্গে যাওয়ার কারণে পরিষদ কমপ্লেক্সের ভবন ও বাউন্ডারী ওয়াল ঝুকিপূর্ণ হয়ে পড়ছে, ১টি পুকুর ময়লা আবর্জনার কারণে ভরাট হয়ে যাচ্ছে। যার কারণে পুকুরগুলো বেদখল হওয়ায় সম্ভাবনা দেখা দিয়েছে। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় গত ২০/০৬/২০২১ তারিখ উপজেলায় পরিদর্শনে আসলে পুকুরের এ অবস্থা দেখে এগুলো দ্রুত সংস্কারের তাগিদ দেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় পুকুরগুলো মৎস্য বিভাগের "জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের" আওতায় সংস্কার করা যেতে পারে মর্মে মত ব্যক্ত করেন। | (খ) বর্ণিত ৪টি পুকুর মৎস্য বিভাগের "জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের" আওতায় সংস্কার পূর্বক মাছ চাষের উপযোগি করার লক্ষ্যে জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট বরাবরে প্রস্তাবনা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, ২০২১-২২ অর্থ বছর হতে উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ির নিয়মিত জ্বালানী বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা পাওয়া গেছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনায় অংশ নিয়ে বলেন, উপজেলা বিভিন্ন উন্নয়ন কার্যক্রম নিয়মিত মনিটরিং অব্যাহত রাখার লক্ষ্যে জীপ গাড়ির জ্বালানী বিল পরিশোধ করা জরুরী। | (গ) উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ি এর নিয়মিত জ্বালানী বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলাধীন ২নং পশ্চিম জাফলং ইউনিয়ন পরিষদ, ৫নং পূর্ব আলীরগাঁও ইউনিয়ন পরিষদ ও ৭নং নন্দিরগাঁও ইউনিয়ন পরিষদ ভবন ঝরাজীর্ণ হওয়ায় সংস্কারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ হতে প্রস্তাবনা পাওয়া গেছে। প্রাপ্ত প্রস্তাবনার আলোকে সরেজমিন পরিদর্শন করে প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়েছে। চেয়ারম্যান, ৪নং লেঙ্গুড়া ইউপি সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে লেঙ্গুড়া ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা জরুরী। | (ঘ) ২নং পশ্চিম জাফলং ইউনিয়ন পরিষদ, ৫নং পূর্ব আলীরগাঁও ইউনিয়ন পরিষদ, ৭নং নন্দিরগাঁও ইউনিয়ন পরিষদ ও ৯নং ডৌবাড়ি ইউনিয়ন পরিষদ ভবন সংস্কার প্রস্তাব সর্বসম্মতক্রমে গৃহীত হয় এবং প্রস্তাবনা অনুমোদন ও বরাদ্দ প্রদানের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, ২০১৯-২০ অর্থ বছরের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে জাইকার বরাদ্দকৃত ৪০(চল্লিশ) লক্ষ টাকায় গৃহীত ৪টি প্রকল্পের চুড়ান্ত অনুমোদন পাওয়া গেছে এবং ৫ম ধাপে ২০২০-২১ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, ২০১৮-১৯ অর্থ বছরের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে জাইকার বরাদ্দকৃত ৪০(চল্লিশ) লক্ষ টাকায় গৃহীত প্রকল্প এখনো বাস্তবায়ন করা হয়নি। প্রকল্প বাস্তবায়নে বিলম্বের বিষয়টি দু:খজনক। উপজেলা প্রকৌশলী এ বিষয়ে সভায় জানান, ২০১৮-১৯ অর্থ বছরের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে জাইকার বরাদ্দকৃত ৪০(চল্লিশ) লক্ষ টাকায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলমান। ২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত প্রকল্প বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ গ্রহন করা হবে। সভায় ৫ম ধাপে ২০২০-২১ অর্থ বছরের অবকাঠামোগত উন্নয়ন ও | (ঙ-১) ২০১৮-১৯ অর্থ বছরের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে জাইকার বরাদ্দকৃত ৪০(চল্লিশ) লক্ষ টাকায় গৃহীত ৪টি প্রকল্প দ্রুত বাস্তবায়ন এবং ২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত প্রকল্প ৩টি প্রকল্পের টেন্ডার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ-২) ২০২০-২১ অর্থ বছরে জাইকার প্রাপ্ত বরাদ্দের আলোকে অবকাঠামোগত উন্নয়নে প্রস্তাবিত প্রকল্প (পরিশিষ্ট-গ) ও দক্ষতা | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রস্তাবিত স্কিম ও প্রশিক্ষণ সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (পরিশিষ্ট-ঘ) মোতাবেক প্রস্তাবনা দ্রুত প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (চ) উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানান, ৭ সেপ্টেম্বর হতে করোন ভ্যাকসিনের ২য় ডোজ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। করোনা ভ্যাকসিন গ্রহণের ক্ষেত্রে ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে। আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ হতে স্কুল-কলেজ খোলার নির্দেশনার প্রেক্ষিতে শিক্ষক-কর্মচারী ও ১৮বছরের উর্দ্ধের শিক্ষার্থীদের করোনা ভ্যাকসিন প্রদানের নির্দেশনা পাওয়া গেছে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ও প্রাথমিক শিক্ষা বিভাগের প্রতিনিধি সভায় জানান, ১২ সেপ্টেম্বর স্কুল-কলেজ খোলার নির্দেশনার প্রেক্ষিতে ভ্যাকসিন গ্রহণ ও স্কুল-কলেজ পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, স্কুল-কলেজ পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ স্ব স্ব ইউনিয়নের স্কুল-কলেজ সরেজমিন পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণ করবেন। তাছাড়া শিক্ষক ও শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষায় ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ দ্বারা মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও হ্যান্ডওয়াশ বিতরণের বিষয়ে স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ উদ্যোগ নিবেন। | (চ-১) ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ দ্বারা ভ্যাকসিন প্রদান কেন্দ্রে ও স্কুল-কলেজে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার বিতরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(চ-২) স্ব স্ব ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়টি নিশ্চিতে চেয়ারম্যানগণ মনিটরিংসহ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি<br><br>চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| | | (ছ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, ১নং রুস্তমপুর ইউনিয়নের অন্তর্গত ১) উপরগ্রাম (হাদারপাড় বাজার) বাজার ঝারিখাল ভায় বগাইয়া হাওর নতুনভাঙ্গা রাস্তা, ২) টুকইর যতনাথা নিজধরগ্রাম হাওর রাস্তা, ৩) উপরগ্রাম নতুন ভাতা কুলুমছড়ার পার রাস্তা ও ৪) উপরগ্রাম বাজার উপরগ্রাম পশ্চিম পাড়া কাঠলীকোন রাস্তা; ২নং পশ্চিম আলীরগাঁও ইউনিয়নের অন্তর্গত ১) লুনী দিঘীরপাড়-হাজিপুর বাজার পর্যন্ত রাস্তা, ৫নং পূর্ব আলীরগাঁও ইউনিয়নের অন্তর্গত ১) সারীঘাট-গোয়াইনঘাট রাস্তা হতে নয়াখেল আবাসন-১ পর্যন্ত রাস্তা এবং ৬নং ফতেপুর ইউনিয়নের অন্তর্গত ০১) দক্ষিণ রামনগর এমএ শাকুর চৌধুরি প্রাইমারি স্কুল রাস্তা, ০২) বিন্নাকান্দি-এম সাইফুর রহমান কলেজ রাস্তা, ০৩) গোসাইনপুর জিপিএস-গুলনিবাজার রাস্তা, ০৪) ইসলামনগর-মালগ্রাম রাস্তা, ০৫) গোসাইনপুর-বড়নগর রাস্তা, ০৬) নারাইনপুর-লামা ফতেপুর রাস্তা, ০৭) ফতেপুর বাউরবাগ-লামাপাড়া-দরগাটিলা রাস্তা ও ০৮) ফতেপুর কলাপাড়া-ফতেপুর জিপিএস রাস্তা এলজিইডি'র আওতায় রোড ইনভেন্টরিতে অন্তর্ভূক্তির লক্ষ্যে প্রস্তাব পাওয়া গেছে। তিনি জানান, প্রস্তাবিত এসকল রাস্তা এলজিইডি'র আওতায় রোড ইনভেন্টরিতে অন্তর্ভূক্তির ক্ষেত্রে পরিষদের সিদ্ধান্তক্রমে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | (ছ) প্রস্তাবিত রাস্তাসমূহ এলজিইডি'র আওতায় রোড ইনভেন্টরিতে অন্তর্ভূক্তির লক্ষ্যে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | (জ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্স একটি সংরক্ষিত এলাকা হওয়া সত্ত্বেও অত্র উপজেলা কমপ্লেক্সের বাউন্ডারী ওয়াল না থাকায় প্রায় অরক্ষিত অবস্থায় রয়েছে। উপজেলা প্রকৌশলী এ বিষয়ে সভায় জানান, স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ পূর্বক রাজস্ব তহবিল সংকুলান সাপেক্ষে পরিষদ কমপ্লেক্সের সীমানা প্রাচীর ও ফটক নির্মাণ করা যাবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট এর নবনির্মিত ভবনের সীমানা প্রাচীর নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা জরুরী। | (জ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের সীমানা প্রাচীর ও ফটক এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট এর নবনির্মিত ভবনের সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | (ঝ) উপজেলা প্রকৌশলী সভায় বলেন, উপজেলা প্রশাসনিক কনফারেন্স | (ঝ-১) উপজেলা প্রশাসনিক কনফারেন্স | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কক্ষ ও উপজেলা হলরুম এ পরিষদের বিভিন্ন সভাসহ সরকারী বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হয়। এসকল অনুষ্ঠানে প্রায়শই সাউন্ড সিস্টেমের কারণে সমস্যার সৃষ্টি হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মুজিববর্ষের ঘর উদ্বোধনী অনুষ্ঠানে সাউন্ড সিস্টেমের সমস্যার কারণে মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ক্ষোভ প্রকাশ করেন। | কক্ষ ও উপজেলা হলরুম এ সাউন্ড সিস্টেম ক্রয়ের লক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩(চ) মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী অফিসার |
| | | তিনি সভাকে জানান, রাধানগর-বাউরভাগ হাওর রাস্তায় ৩১৭৫ মি. চেইনেজে টেংরা খালে বিদ্যমান বিধ্বস্ত ফুট ব্রীজটির স্থানে নতুন ব্রীজ নির্মাণ করা হবে বিধায় বিদ্যমান ফুটব্রীজটি দ্রুত অপসারণ করা প্রয়োজন। | (ঝ-২) ব্রীজটির নির্মাণ কাজ দ্রুত করার স্বার্থে বিধ্বস্ত ফুটব্রীজ স্পট নিলাম এর মাধ্যমে অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | সভায় উপজেলা পরিষদ কমপ্লেক্সের বাসা নং- সুরমা-১ এর জরুরী মেইনটেন্যান্স বাবদ ৬,৯০০/- (ছয় হাজার নয়শত) টাকা বিল ভাউচার উপস্থাপন করা হয়। | (ঝ-৩) উপজেলা পরিষদ কমপ্লেক্সের বাসা নং- সুরমা-১ এর জরুরী মেইনটেন্যান্স বাবদ ৬,৯০০/- (ছয় হাজার নয়শত) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় যথাসময়ে উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯-০৯-২১

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯. ৮৮৭ তারিখ : ০৯-০৯-২০২১ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা ........................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক........................................... ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব.......................................................গোয়াইনঘাট, সিলেট।

(তহিমিলুর রহমান)
পরিচিতি নং- ১৭৩৮২
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোন- ০৮২২৮৫৬০০১।
unogowainghatsyl@gmail.com